বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

How to be an effective netwroker

কীভাবে একজন ইফেকটিভ নেটওয়ার্কার হওয়া যায়:

প্রথমেই খুঁজে বের করতে হবে কোন ধরণের নেটওয়ার্কিং স্টাইল আপনার সাথে সবচেয়ে ভালো স্যুট করে। নেটওয়ার্কিং এর ক্ষেত্রে "One size fits all" বলে কিছু হয়না। বিভিন্ন রকমের বিভিন্ন রকমের নেটওয়ার্কিং ট্যাকটিক কাজে লাগিয়ে সফল হয়েছেন। তাই সবচেয়ে ভাল ভয়, বিভিন্ন রকম নেটওয়ার্কিং স্ট্রাটেজি ব্যবহার করে আপনার জন্য কোনটি বেশি ফলপ্রসূ সেটি চিহ্নিত করা। যদি এমন হয় যে, আপনি ইন্ট্রোভার্ট, লাজুক বা আত্মকেন্দ্রিক তাহলে কফি খেতে খেতে আপনি একজন একজন করে লোকের সাথে, অথবা অপেক্ষাকৃত ছোট গ্রুপের যেখানে অল্প সদস্য নিয়ে ইভেন্ট হয় এমন ইভেন্টে অংশগ্রহণ করতে পারেন। আপনার জন্য সবচেয়ে ভালো নেটওয়ার্কিং স্টাইল কোনটি সেটি বুঝে গেলে, এটা ঠিক করুন যারা আপনার বর্তমান ক্যারিয়ার ডেভেলপমেন্ট গোলস অর্জন করতে সাহায্য করতে পারে এমন লোকদের সাথে দেখা করতে কোথায় যেতে হতে পারে।

- **আউট অব দ্যা বক্স নেটওয়ার্কিং:** সফল নেটওয়ার্কার হতে হলে আপনাকে গতানুগতি পার্টিতে যোগ দিতেই হবে এমন কোনো কথা নেই। জীবনের প্রতিটি ক্ষেত্রে খুজুঁন, নেটওয়ার্ক করার সুযোগ পাবেন। আপনার পছন্দ কিংবা আগ্রহ আছে এমন যেসব লোকদের সাথে আপনি স্বাচ্ছন্দবোধ করেন তাদের সম্পর্কে চিন্তা করুন। ভলান্টিয়ারিং ও কিন্তু নেটওয়ার্ক করার একটি ভালো সুযোগ।
- **গেম প্ল্যান তৈরি করুন:** প্রতি নেটওয়ার্ক থেকে কী পেয়েছেন এমন স্পেসিফিক কিছু খোঁজার দরকার নেই। প্রথমদিকে শুধুমাত্র অংশগ্রহণ করাই আপনার লক্ষ্য হওয়া উচিৎ। উদাহরণস্বরূপ, আপনি আপনার ইন্ডাস্ট্রিতে তিনজন নতুন ব্যক্তির সাথে নেটওয়ার্কিং করতে বা নতুন ইনসাইট কলিগদের সাথে শেয়ার করার লক্ষ্য নিয়ে কোন ইভেন্টে যোগ দিতে পারেন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

How to be an effective netwroker

- **ফলো আপ:** নিয়মিত ফলোআপ করা নেটওয়ার্কিং এর একটি ভালো বৈশিষ্ট্য। ফলো আপ করতে না পারলে নেটওয়ার্ক রিলেশন দূর্বল হয়ে যায়। নতুন কারো সাথে কথা বলার জন্য যে সময়টি বিনিয়োগ করছেন তা আপনার ক্যারিয়ার ডেভেলপমেন্টে কোনো কাজেই আসবে না যদি আপনি ফলো আপ করতে ব্যর্থ হন। এক্ষেত্রে যা করতে পারেন তা হল- দ্রুতই একটি মেসেজসহ লিংকডইন এ কানেক্ট রিকোয়েস্ট করে রাখা। অনেকেই এক্ষেত্রে যে ভূলটি করে থাকে তা হল, নতুন কারো সাথে দেখা হওয়ার সাথে সাথেই একটি লম্বা মেসেজ পাঠায়।

- **পে ইট ফরওয়ার্ড:** নেটওয়ার্কে থাকা ব্যক্তিদের জন্য ভ্যালু অ্যাড করা যায় সম্ভব হলে এমন কাজ করুন। সেটি যদি সময় দিয়েও হয়, তাহলেও করুন। আর এ কাজটি নেটওয়ার্কের কারো কাছে সাহায্য চাওয়ার আগেই করুন। আপনি আপনার রিলেশিনশিপগুলোতে যত বেশি ইনভেস্ট করবেন, তত বেশি আপনি আপনার নতুন নেটওয়ার্ক সম্পর্কে জানতে পারবেন। সাহায্য পাওয়া তখন অনেক সহজ হয়ে পড়বে। আপনার দেওয়া ভ্যালু শুধুমাত্র ওয়ার্কপ্লেসে সীমাবদ্ধ করবেন না; হোটেলের রেকোমেন্ডেশন থেকে শুরু করে আপনার ব্যক্তিগত নেটওয়ার্কের কারো সাথে পরিচয় পর্যন্ত সব কিছুই ভ্যালু অ্যাড করতে পারে।

নেটওয়ার্কিংয়ের জন্য কোন সময়ই খুব আগে বা খুব পরে হয়ে যায় না। আপনার নেটওয়ার্কিং স্কিলস ইম্প্রুভ করার সর্বোত্তম উপায় হল কম্ফোরট জোন থেকে বের হয়ে চেষ্টা করা।